সফট কপি ই- মেইলে প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬২৯১৩

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৬.০০৫.১২.৩২১ -প্রগতি তারিখ : ০৬/০৯/১৪২৫ বঙ্গাব্দ
২০/১২/২০১৮ খ্রিস্টাব্দ

বরাবর

যুগ্ম-সচিব
প্রশাসন-৩ অধিশাখা
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ বিগত ২৫/১১/২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ প্রসংগে।

সূত্রঃ তাঁর স্মারক নং-২৫.০০০.০০০০.০১৫.৯৯.০০২.১৬. (অংশ-১) ১১১৫ তারিখ ১৭/১২/২০১৮ খ্রিঃ

বিগত ২৫/১১/২০১৮ খ্রি: তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর অর্ন্তগত গণপূর্ত অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ০১(এক) প্রস্থ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ১। প্রতিবেদন- ০১ (এক) প্রস্থ।

20/12/18

(আশেক আহমেদ শিবলী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮৯১৪, ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪

OIC

20/12/18

বিগত ২৫/১১/২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি

সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
২.১ । বিভিন্ন অনিস্পন্ন বিষয়	
(ক) মন্ত্রণালয়ের নিকট দপ্তর/সংস্থার এবং দপ্তর/সংস্থার নিকট মন্ত্রণালয়ের অনিস্পন্ন বিষয় ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে নিস্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। পাশাপাশি অনিস্পন্ন বিষয়াদি নিস্পন্নের পরিধি আরো বাড়াতে হবে।	অনিস্পন্ন বিষয়গুলো ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে নিস্পত্তির ধারা অব্যাহত আছে।
২.২ । প্রাক সমন্বয় সভা অনুষ্ঠান :	
প্রাক-সমন্বয় সভা অনুষ্ঠান অব্যাহত রাখতে হবে এবং সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যাচিত তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।	গণপূর্ত অধিদপ্তরের প্রাক সমন্বয় সভা প্রতি মাসে নিয়মিত ভাবে অনুষ্ঠিত হচ্ছে এবং সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ের প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করা হচ্ছে।
২.৫ । গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অব্যবহৃত জমির তথ্য :	
(ক) অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং প্রতিবেদনাধীন মাসে কতটি প্লট থেকে অবৈধ দখল উচ্ছেদ করা হয়েছে সে পরিসংখ্যানসহ উদ্ধারকৃত জমি সরকারি ব্যবস্থাপনায় নিতে হবে। উদ্ধারকৃত জমিতে প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ করতে হবে। দপ্তর/ সংস্থার আওতাধীন অবৈধ দখল না থাকলে এতদসংক্রান্ত বিষয়ে শূন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে।	নভেম্বর/২০১৮খ্রি: মাসের অগ্রগতিঃ ▪ প্রতিবেদনাধীন মাসে কোন অবৈধ দখল উচ্ছেদ করা হয়নি এবং এ সংক্রান্ত নতুন কোন প্রকল্প গ্রহণ করা হয়নি।
২.৮ । মামলা সংক্রান্ত (১) আদালতে বিচারাধীন মামলা :	
(ক) প্রতি ২ মাস অন্তর অন্তর আইন উপদেষ্টার সভাপতিত্বে সংশ্লিষ্ট সকলকে নিয়ে মামলার অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভা করতে হবে। সভার অগ্রগতি সচিব মহোদয়কে অবহিত করবেন। (খ) মামলার তথ্যসমূহ যেমন- রিট, ট্রাইব্যুনাল মামলা, আদালত অবমাননা মামলা, আপিল মামলা, সেটেলমেন্ট মামলা ইত্যাদির পরিসংখ্যান যথাসময়ে মন্ত্রণালয়ের আইন শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে। (গ) দপ্তর/ সংস্থাসমূহ নিজেদের মামলার বিষয়ে সংশ্লিষ্ট আদালতে প্রতিদ্বন্দ্বিতা নিশ্চিত করবে। (ঘ) Time bound এর বিষয়টি বিবেচনায় নিয়ে সরকারের বিপক্ষে ঘোষিত রায়ের বিরুদ্ধে আপিল দায়ের এবং মামলার তদারকি অব্যাহত রাখতে হবে।	▶ বিভিন্ন আদালতে বিচারাধীন গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন মামলার অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভায় প্রাপ্ত তথ্যাদি প্রধান প্রকৌশলীর কার্যালয়, স্মারক নং-২৫. ৩৬. ০০০০. ২১৪. ০৪. ৫৯২. ১৫ -৪৯৪ তারিখ: ০৬/১২/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ▶ পূববর্তী মাস পর্যন্ত মোট মামলার সংখ্যা-১০৫৯টি,যা নিম্নরুপ: ▪ মহামান্য সুপ্রীম কোর্টে সিভিল পিটিশন/লীভ টু আপীল ০৭টি ▪ হাইকোর্টে এফ এ মোকদ্দমা ২১ টি ▪ হাইকোর্টে রীট পিটিশন মোকদ্দমা ৪০০টি ▪ হাইকোর্টে সিভিল রিভিশন মোকদ্দমা ৯২টি ▪ প্রশাসনিক/ আপীল ট্রাইব্যুনাল এ, এ,টি মোকদ্দমা ১১ টি ▪ নিম্ন আদালত দেওয়ানী/ দেওয়ানী আপীল/ মিস মোকদ্দমা ৫০০টি ▪ সার্টিফিকেট মামলা ০২ টি

সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
	▪ আদালত অবমাননা মামলা ১৬টি ▪ সেটেলমেন্ট মামলা ০৯টি ▪ কোম্পানী মেটার মামলা ০১টি মোট= ১০৫৯টি ▶ বর্তমান মাসে উৎপত্তি-০৪টি, (দেঃমোঃ২টি, রীট-২টি)। ▶ নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা - ০৪টি। ▶ সরকার পক্ষে রায়- ৪টি । ▶ সরকার বিপক্ষে রায়- নাই । ▶ অনিষ্পন্ন মামলার সংখ্যা-১০৫৯ টি, যা নিম্নরুপ: ▪ জমি/ সম্পত্তি সংক্রান্ত ৯২৪টি ▪ চাকুরী সংক্রান্ত ৫৩টি ▪ অননুমোদিত নির্মাণ সংক্রান্ত ৮২টি মোট ১০৫৯টি
(২) বিভাগীয় শৃংখলামূলক মামলা :	
(ক) বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির পদক্ষেপ গ্রহন করতে হবে।	▶ গণপূর্ত অধিদপ্তরের ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাগণের শৃংখলামূলক বিভাগীয় মামলার অক্টোবর/২০১৮ মাসের মাসিক বিবরণী অত্র দপ্তর স্মারক নং-২৫.৩৬. ০০০০. ২১৩.০৬. ০৩.২০১৮/৭৪৮ তারিখ: ২৯/১১/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ♦ বর্তমানে ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাগণের দূর্নীতি ও শৃঙ্খলা মূলক বিভাগীয় মামলার মোট সংখ্যা-৪৭ টি । এক বছরের উর্দ্ধে ২৭টি, ছয় মাসের উর্দ্ধে ১৪টি এবং তিন মাসের উর্দ্ধে ৬টি, বর্তমান বছরে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা-২টি । ▶ গণপূর্ত অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণের শৃংখলামূলক বিভাগীয় মামলার অক্টোবর/২০১৮ মাসের মাসিক বিবরণী অত্র দপ্তর স্মারক নং-২৫. ৩৬. ০০০০. ২১৩.০৬. ০৩.২০১৮/৭২৯ তারিখ: ২৮/১১/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ▶ বর্তমানে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দূর্নীতি ও শৃঙ্খলা মূলক বিভাগীয় মামলার মোট সংখ্যা-৯ টি । (এক বছরের উর্দ্ধে ০৮টি, ছয় মাসের উর্দ্ধে ০১টি, বর্তমান বছরে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা-১টি।)

সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
২. ৯ । শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন :	
ক) মন্ত্রিপরিষদ বিভাগের সভার নির্দেশনা অনুযায়ী নৈতিকতা কমিটি ত্রৈমাসিক সভা করে সভার কার্যবিবরণী ঐ মাসের শেষ কার্যদিবসে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন-২) বরাবর প্রেরণ অব্যাহত রাখতে হবে। খ) ২০১৮-১৯ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। গ) প্রত্যেক দপ্তর/ সংস্থা কর্তৃক ২০১৭-১৮ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল এর বাস্তবায়ন সম্পর্কিত তথ্য নির্ধারিত ছকে পরবর্তী সভার পূর্বে প্রেরণ করতে হবে।	(ক) সরকার কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ অনুসারে অত্র অধিদপ্তরের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। (গ) ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ৪র্থ কোয়ার্টার এর প্রতিবেদন স্মারক নং: ২৫.৩৬.০০০০.২১১.০৬.১০৩.১৪-৮২১ তারিখ: ১৯.০৬.২০১৮ খ্রীঃ এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
২.১০Annual Performance Agreement (APA) বাস্তবায়নঃ	
২০১৮-১৯ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লেখিত কর্মসূচিসমুহ যথাযথভ্যবে যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	সিদ্ধান্ত মোতাবেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লেখিত কর্মসূচিসমূহের বাস্তবায়ন চলমান রয়েছে।
২.১১। ই-সেবা কার্যক্রম :	
(ক)(১) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবপোর্টাল নিয়মিতভাবে হালনাগাদ করণ এবং দপ্তর/সংস্থার তথ্যসহ গ্রাহক সেবার সকল তথ্য আপলোড নিশ্চিত করতে হবে। (২) Roadmap অনুযায়ী ই-সেবা কার্যক্রম বাস্তবায়ন এবং বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	(ক)(১) গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে ই-সেবাসমূহঃ (১) গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটের মাধ্যমে দ্রততম সময়ে অফিস আদেশ সমূহ (অর্থ বরাদ্দপত্র, NOC, GO, পদোন্নতি ও বদলি আদেশ, Annual Procurement Plan, Annual Performance Agreement (APA), National Integrity Strategy, অডিট রিপোর্ট, বার্ষিক প্রতিবেদন, সিটিজেন চার্টার এবং অন্যান্য তথ্যাদি নিয়মিত ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। ২। অধিদপ্তরের ওয়েবসাইট থেকে সকল বরাদ্দপত্র অফিস ভিত্তিক খুজে পাওয়া যায়, সেই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৩। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্প সমূহের অগ্রগতি ওয়েবসাইটের মাধ্যমে জানানোর ব্যবস্থা চালু হয়েছে। ৪। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক আহবানকৃত সকল দরপত্র অধিদপ্তরের ওয়েবসাইটে অফিস ভিত্তিক খুজে পাওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৫। জন প্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে ৬৩০জন ক্যাডার কমর্কতার্দের PMIS Registration সম্পন্ন হয়েছে। সর্বশেষ নিয়োগকৃত ৩৬তম বিসিএস (গণপূর্ত) ক্যাডার কর্মকর্তাদের অর্ন্তভুক্ত করা হচ্ছে। ৬। অনলাইন ভিত্তিক Human Resourse Information System (HRIS) এবং Database for employee চালু হয়েছে। ৭। গণপূর্ত অধিদপ্তরের বিদ্যমান স্থাপনা/ভবন সম্পর্কিত সকল তথ্য (Building Database) নিয়মিত ওয়েবসাইটে আপলোডের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ৬৯০৫ টি ভবনের তথ্য আপলোড করা হয়েছে। ৮। গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে ইনোভেটিভ কর্ণার এবং সেবা সহিজকরণ কর্ণার সংযুক্ত করা হয়েছে। এ সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করা হচ্ছ এবং অনলাইনে ইনোভেটিভ আইডিয়া জমা

সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
(খ)(১) কোন সংস্থায় কতটি ই-নথি মাধ্যমে পত্র জারি হয়েছে, সে পরিসংখ্যান মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (২) কেন্দ্রীয়ভাবে প্রণয়নকৃত ই-নথির কার্যক্রমে দপ্তর/ সংস্থা স্ব স্ব অবস্থান ক্যাটাগরি অনুযায়ী প্রেরণ করতে হবে।	প্রদান ব্যবস্থা চালু রয়েছে। ৯।ওয়েবসাইটে ভূমিকম্প সহনশীল ভবন নির্মাণ ও প্রযুক্তি সংক্রান্ত প্রকাশনা করা হয়েছে। ১০। অধিদপ্তরের ওয়েবসাইটে অনলাইনভিত্তিক দাপ্তিরক ই-লাইব্রেরি চালু করা হয়েছে। ১১। গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে অনলাইনভিত্তিক অফিসার ই-মেইল ও টেলিফোন ডিরেক্টরি সংযোজন করা হয়েছে। ১২। অনলাইন ফরম (http://online.forms.gov.bd) এর মাধ্যমে আবেদন করণ প্রক্রিয়া চালু রয়েছে। ১৩। ওয়েবসাইটে গণপূর্ত অধিদপ্তরের অর্গানোগ্রাম সংযোজন করা হয়েছে। (খ)(১) এই দপ্তর স্মারক নং২৫. ৩৬. ০০০০. ২২০. ০৬. ০০৫. ১২. ৩২০ তারিখ-২০/১২/২০১৮খ্রিঃ এর মাধ্যমে ই-নথি নিস্পত্তি সর্ম্পকিত পরিসংখান গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করা হয়েছে। প্রেরিত পরিসংখ্যান অনুযায়ী বিস্তারিত তথ্য নিম্নরুপঃ (ক) গণপূর্ত অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ই-ফাইলিং সিষ্টেম চালু করা হয়েছে। নাগরিকরা নাগরিক কর্নার হতে সরাসরি অভিযোগ/আবেদন করতে পারবেন। (খ) ইতোমধ্যে গণপূর্ত অধিদপ্তরের ই-ফাইলিং সিষ্টেমে গৃহীত ডাক সংখ্যা ১৬৩টি, নিস্পন্ন ডাক সংখ্যা ২০১টি, নথি থেকে স্ব-উদ্যোগে সৃজিত নোট ৫৮টি, ডাক থেকে সৃজিত নোট ১০৫টি, নোট নিস্পন্ন নথি ১০৭টি, পত্র জারির আন্তঃসিষ্টেম নিস্পন্ন নোট ১৯টি, ই-মেইল ও অন্যান্য ৫১টি মোট পত্র জারির নিস্পন্ন নোট ৭০, পত্র জারির সংখ্যা ৮৫। গণপূর্ত অধিদপ্তরের অর্জিত ক্রম-৭(বড় ক্যাটাগরী) ।
২.১২ । e- Tendering	
(ক) দপ্তর/সংস্থাসমুহ প্রতিবেদনাধীন মাসের আহবানকৃত টেন্ডারের মধ্যে কতটি ই- টেন্ডার করা হয়েছে, সে পরিসংখ্যাসহ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। পাশাপাশি টেন্ডার সংক্রান্ত যাবতীয় কার্যাবলি শতভাগ ই-টেন্ডারিং এর মাধ্যমে বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	(ক)এই দপ্তর স্মারক নং২৫. ৩৬. ০০০০. ২২০. ০৬. ০০৫. ১২. ৩২০ তারিখ-২০/১২/২০১৮খ্রিঃ এর মাধ্যমে ই- টেন্ডার সর্ম্পকিত পরিসংখান গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করা হয়েছে। • প্রেরিত তথ্য অনুযায়ী নভেম্বর/ ২০১৮খ্রিঃ ১৩৪৯ টি ই-টেন্ডার আহবান করা হয়েছে।
২.১৪। প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ-এর চাহিত প্রতিবেদন প্রেরণ :	
মন্ত্রিপরিষদ বিভাগ সংশ্লিষ্ট সকল প্রতিবেদনের হার্ডকপি বাহক মারফত প্রশাসন-৩ অধিশাখায় এবং Soft Copy shamsul0460@yahoo.com,ashamsul17 @ gmail. com- ই-মেইলে কোনো প্রকার বিলম্ব ছাড়া প্রতিমাসের ০২ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।	অত্র দপ্তর স্মারক নং-২৫. ৩৬. ০০০০. ২২০. ১৬. ০২৪. ০৪-২৯৮ তারিখ-০২/১২/২০১৮খ্রিঃ এর মাধ্যমে নভেম্বর/ ২০১৮খ্রিঃ মাসের প্রতিবেদন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং সফটকপি ই-মেইল করা হয়েছে।

26/12/2018

(মোঃ মহসীন)
বাহী প্রকৌশলী (সমন্বয়)
পূর্ত অধিদপ্তর, পূর্তভবন, ঢাকা।

zobaer Nicks coord Meeting (Farjana)

26/12/18

(আশেক আহমেদ শিবলী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।